



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd




স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৪- ৩০৭

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ  
১৪ মার্চ, ২০২৪খ্রি.

## বিজ্ঞপ্তি

ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ও বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ০২ (দুই) বছর মেয়াদি এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা ইন কমার্স এবং সার্টিফিকেট ইন মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নতুন করে ভর্তির সুযোগ নেই। তবে ইতোমধ্যে নিশ্চায়ন ও তদনুসারে ভর্তিকৃত শিক্ষার্থী যারা Previous Year Duplicate-এ ছিল তা বাতিল করা সত্ত্বেও Final List (Registration)-এ অন্তর্ভুক্ত হয়নি কিংবা নির্দিষ্ট সময়ের মধ্যে বাতিল করা সম্ভবপর হয়নি সেসকল শিক্ষার্থীদের বোর্ডের ০২ নং ভবনের ৫ম তলার রেজিস্ট্রেশন শাখায় প্রয়োজনীয় ডকুমেন্টসসহ আগামী ২১ মার্চ, ২০২৪খ্রি. তারিখের মধ্যে এবং যে সকল শিক্ষার্থী Current Year-এ Duplicate ভর্তি ছিল তাদের টিক চিহ্ন দেওয়া সত্ত্বেও Final List (Registration)-এ যায়নি কিংবা নির্দিষ্ট সময়ের মধ্যে টিক চিহ্ন দেওয়া হয়নি ও Blank form-এ ভর্তিকৃত শিক্ষার্থী যাদের মূলনম্বরপত্র বোর্ডে প্রদর্শন করা সত্ত্বেও Final List এ যায়নি/নির্দিষ্ট সময়ের মধ্যে মূলনম্বরপত্র বোর্ডে প্রদর্শন করা সম্ভবপর হয়নি সেসকল শিক্ষার্থীদের মূল নম্বরপত্রসহ প্রয়োজনীয় ডকুমেন্টস নিয়ে এবং যে সকল শিক্ষার্থীর নাম প্রতিষ্ঠান কর্তৃক ভুলবশত বা মাইগ্রেশনকৃত প্রতিষ্ঠানে সঠিক সময়ে উপস্থিত না হওয়ায় Delete করা হয়েছে তাদের পুনরুদ্ধার এর জন্য মূল নম্বরপত্র এবং এবং প্রতিষ্ঠানের Forwarding সহ শিক্ষার্থী কর্তৃক বর্তমান/পূর্বের শিক্ষাবর্ষে ডুপ্লিকেট ভর্তি থাকলে তা বাতিল হবে মর্মে প্রত্যয়নপত্রসহ আগামী ২১ মার্চ, ২০২৪খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ২নং ভবনের ৭০১ নম্বর রুম কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) নিকট প্রদর্শনপূর্বক সমস্যার সমাধান করতে হবে। অন্যথায় এসকল শিক্ষার্থীর নিশ্চায়ন ও ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং তারা রেজিস্ট্রেশন ও ফরম ফিলাপের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। উল্লেখ্য, যেসকল শিক্ষার্থী প্রতিষ্ঠানের Final List (Registration)-এ অন্তর্ভুক্ত আছে শুধুমাত্র তারা রেজিস্ট্রেশন ও ফরম ফিলাপের জন্য যোগ্য বলে বিবেচিত হবে। তাই বর্ণিত সমস্যার বাহিরে প্রতিষ্ঠানে নিশ্চায়ন ও ভর্তিকৃত কোন শিক্ষার্থী Final List (Registration)-এ অন্তর্ভুক্ত না থাকলে তা আবশ্যিকভাবে আগামী ২১ মার্চ, ২০২৪খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ২নং ভবনের ৬১১ নম্বর রুমে অবহিতপূর্বক সমস্যার সমাধান করতে হবে। অন্যথায় এসকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন ও ফরম ফিলাপ না হলে বোর্ড দায়ী থাকবে না এবং উল্লেখিত সময়ের বাহিরে কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।



প্রকৌশলী মো: রকিব উল্লাহ

পরিচালক (কারিকুলাম)


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখ: ১৪/০৩/২০২৪ খ্রি.

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৪. ৩০৭ (০৬)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
- ০৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ০৪। সচিব/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
- ০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮। নথি।



প্রকৌ: মোঃ ফারুক রেজা

কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোক:)

ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।